নুসরাত ফারিয়ার নতুন জীবনের ভাবনা

written by Chandradip News24 | December 22, 2024

চিত্রনায়িকা নুসরাত ফারিয়া, যিনি ২০২০ সালে দীর্ঘ ১০ বছরের প্রেমিক রনি রিয়াদ রশীদের সঙ্গে বাগদান করেছিলেন, শেষমেশ সেই সম্পর্ক এগিয়ে নিতে পারেননি। বছরখানেকের মধ্যেই তাদের বিচ্ছেদ ঘটে। ফারিয়া নিজেই জানিয়েছেন, শেষদিকে তাদের সম্পর্ক থেকে ভালোবাসা হারিয়ে গিয়েছিল, এবং কেউই তা টিকিয়ে রাখার জন্য যথেষ্ট চেষ্টা করেননি।

নিজের অবস্থান নিয়ে খোলামেলা ফারিয়া

সম্প্রতি এক সাক্ষাৎকারে নুসরাত ফারিয়া বলেন, “দীর্ঘ ১০ বছর প্রেম করার পর আমরা আলাদা হয়ে যাই। এখন তিনি তার নতুন জীবনে সুখী, আর আমি আমার কাজ ও জীবন নিয়ে ব্যস্ত।” গত দুই বছর ধরে তিনি একা এবং নিজের এই অবস্থাকে উপভোগ করছেন।

পাত্র নির্বাচনের মাপকাঠি

বিয়ের প্রসঙ্গে নুসরাত ফারিয়া বলেন, “যে আসবে, তাকে অবশ্যই আমার থেকে শিক্ষিত হতে হবে। স্মার্ট, ব্যক্তিত্বসম্পন্ন এবং নারীদের সম্মান করতে জানা এমন একজন মানুষ চাই। এমন কাউকে খুঁজছি, যে আমার ইশারায় সব বুঝে নেবে।”

তিনি আরও জানান, এবার প্রেমে পড়লে বেশি সময় নেবেন না। মনের মতো কাউকে পেলে দ্রুত বিয়ের সিদ্ধান্ত নেবেন।

ক্যারিয়ার ও সাম্প্রতিক কাজ

নুসরাত ফারিয়া সবশেষ কাজ করেছেন টলিউডের “আবারও বিবাহ অভিযান” সিনেমায়। এর পাশাপাশি “সুড়ঙ্গ” সিনেমার আইটেম গানে তার পারফরম্যান্সও বেশ প্রশংসিত হয়েছে। উল্লেখ্য, ফারিয়ার বড় পর্দায় অভিষেক হয় ২০১৫ সালে “আশিকী” সিনেমার মাধ্যমে, যা বাংলাদেশ-ভারতের যৌথ প্রযোজনায় নির্মিত হয়েছিল।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম

শাকিব খানের প্রতি শ্রদ্ধা জানিয়ে সিয়াম আহমেদ

written by Chandradip News24 | December 22, 2024

[illegible]

[illegible]

[illegible]

প্রাপ্য।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম